



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম
এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd

নম্বর: ২৮.১৩.০০০০.০০০.০২৩.৯৯.০০০৯.২৫.১১৭

তারিখ: ৮ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২২ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

স্থায়ী আদেশ - ০৮/২০২৫

১। টিজিটিডিপিএলসি এর সাংগঠনিক কাঠামো-২০২৪ অনুযায়ী কোম্পানির ডিভিশন/ বিভাগ/ শাখাসমূহ পুনঃবিন্যস্ত হওয়ায় তিতাস অধিভুক্ত এলাকায় বিভিন্ন স্থানে অগ্নিকান্ড বা বিস্ফোরণজনিত দুর্ঘটনার কারণ নির্ণয়, দায়-দায়িত্ব নিরূপণ ও দুর্ঘটনা পরিহারকল্পে সচেতনতা বৃদ্ধি ও ভবিষ্যতে করণীয় বিষয়ে মতামত/পরামর্শ প্রদানের জন্য স্থায়ী আদেশ নং- ০৯/২০১৯ এর মাধ্যমে ইতোপূর্বে গঠিত স্থায়ী কমিটি কর্তৃপক্ষের অনুমোদন মোতাবেক নিম্নরূপভাবে পুনঃগঠন করা হলো :

১.১। মেট্রো ঢাকা এলাকার ক্ষেত্রে :

১।	উপমহাব্যবস্থাপক (ইমার্জেন্সি গ্যাস কন্ট্রোল এন্ড ম্যানেজমেন্ট বিভাগ)	- আহ্বায়ক
২।	ব্যবস্থাপক (সংশ্লিষ্ট বিক্রয় শাখা)	- সদস্য
৩।	ব্যবস্থাপক (সংশ্লিষ্ট ইমার্জেন্সি গ্যাস কন্ট্রোল শাখা)	- সদস্য সচিব

১.২। আঞ্চলিক বিক্রয় ডিভিশন এর ক্ষেত্রে :

১।	উপমহাব্যবস্থাপক (সংশ্লিষ্ট আঞ্চলিক বিক্রয় বিভাগ)	- আহ্বায়ক
২।	ব্যবস্থাপক (সংশ্লিষ্ট আরএমএস ইঞ্জিনিয়ারিং, টেস্টিং এন্ড সিলিং শাখা)	- সদস্য
৩।	ব্যবস্থাপক (সংশ্লিষ্ট ইমার্জেন্সি শাখা)	- সদস্য সচিব

২। কমিটির করণীয় (TOR) নিম্নরূপ :

- ক) তিতাস অধিভুক্ত এলাকায় অগ্নিকান্ড বা বিস্ফোরণজনিত দুর্ঘটনার প্রকৃত কারণ নির্ণয়;
- খ) দুর্ঘটনার সম্পৃক্ততা নির্ধারণপূর্বক দায়-দায়িত্ব নিরূপণ;
- গ) দুর্ঘটনা পরিহারকল্পে করণীয় নির্ধারণ;
- ঘ) প্রাসঙ্গিক অন্যান্য মতামত (যদি থাকে) প্রদান।

৩। কমিটি অগ্নি দুর্ঘটনা / বিস্ফোরণ সংঘটিত হওয়ার পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয় বরাবর প্রতিবেদন দাখিল করবে।

৪। কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে সাধারণ প্রশাসন বিভাগ পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

৫। ইতোপূর্বে জারীকৃত স্থায়ী আদেশ নং: ০৯/২০১৯, তারিখ : ১৩-১০-২০১৯ বাতিল করা হলো।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।



২২-০৩-২০২৫

শাহনেওয়াজ পারভেজ
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)
+৮৮০২৪১০১০৩৬৩ (ফোন)
৮৮-০২-৮১৪২২৫০ (ফ্যাক্স)
mdtitasgas@titasgas.org.bd

নম্বর: ২৮.১৩.০০০০.০০০.০২৩.৯৯.০০০৯.২৫.১১৭/১ (৭)

তারিখ: ৮ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২২ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সকল)।
- ২। উপমহাব্যবস্থাপক (কারিগরি)- সকল।
- ৩। উপমহাব্যবস্থাপক (হিসাব)- সকল।
- ৪। উপমহাব্যবস্থাপক (সাধারণ)- সকল।
- ৫। ব্যবস্থাপক (কারিগরি)- সকল।
- ৬। ব্যবস্থাপক (হিসাব)- সকল।
- ৭। ব্যবস্থাপক (সাধারণ)- সকল।



২২-০৩-২০২৫

শাহনেওয়াজ পারভেজ
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)